স্বেচ্ছাসেবক দল নেতা হত্যার প্রতিবাদে মহাসড়ক অবরোধ



ছবি: সংগৃহীত

ময়মনসিংহ নগরে স্বেচ্ছাসেবক দল নেতা মো. সুরুজ জামানকে কুপিয়ে হত্যার প্রতিবাদে ঢাকা-ময়মনসিংহ মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেছেন স্থানীয় লোকজন ও দলীয় নেতাকর্মীরা। রোববার (১৫ নভেম্বর) দিবাগত রাত ১২টার দিকে নগরের দীঘারকান্দা এলাকার ঢাকা বাইপাস মোড়ে এ অবরোধ শুরু হয়। হত্যায় জড়িতদের গ্রেপ্তারের আশ্বাসে এক ঘণ্টা পর অবরোধ তুলে নিলে যান চলাচল স্বাভাবিক হয়।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, রোববার সন্ধ্যা ৭টার দিকে শিশু সন্তানকে নিয়ে মোটরসাইকেলে বাজারে যাওয়ার পথে মধ্য বারেরা মজিদ মার্কেট এলাকায় সুরুজের পথ আটকায় কয়েকজন দুর্বৃত্ত। এ সময় তাঁকে কুপিয়ে ও ছুরিকাঘাত করে পালিয়ে যায় তারা। হাসপাতালে নেওয়া হলে চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন।

নিহতের পরিবারের অভিযোগ, এলাকায় বালু ব্যবসার নিয়ন্ত্রণ নিয়ে বিরোধের জেরে পরিকল্পিতভাবে তাঁকে হত্যা করা হয়েছে। সুরুজের চাচাতো ভাই সাদেক হোসেন এ হত্যায় ২৬ নম্বর ওয়ার্ড যুবলীগের সভাপতি জাহাঙ্গীর আলম ও তাঁর ভাই মেহেদী হাসানসহ কয়েকজনকে দায়ী করেছেন। তবে অভিযুক্তদের বক্তব্য পাওয়া যায়নি।

ময়মনসিংহ দক্ষিণ জেলা বিএনপির সদস্যসচিব মো. রুকুনোজ্জামানও হত্যায় জড়িতদের দ্রুত গ্রেপ্তারের দাবি জানিয়েছেন।

কোতোয়ালি মডেল থানার ওসি মোহাম্মদ শিবিরুল ইসলাম বলেন, হত্যার কারণ অনুসন্ধান ও জড়িতদের গ্রেপ্তারে পুলিশের একাধিক দল কাজ করছে। মরদেহ ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে। এ ঘটনায় মামলা প্রক্রিয়াধীন।

সুরুজ জামান নগরের মধ্য বারেরা এলাকার আবু বক্কর সিদ্দিকের ছেলে। তিনি ২৬ নম্বর ওয়ার্ড স্বেচ্ছাসেবক দলের সদস্য ছিলেন।